

মূল বিষয়	ইস্যু	প্রশ্ন-১	প্রশ্ন-২	প্রশ্ন-৩	প্রশ্ন-৪	প্রশ্ন-৫	প্রশ্ন-৬	প্রবর্তী কাজ
মূলবাসীকৃতি	উপর্যুক্ত পরিশৃম							
	মানবাধিকার ঝুঁকি পরিহিতি							
	দুষ্কর্ম বর্জন করা							
	অসন্তুষ্টি সমাধান করা							
	বৈষম্য এবং সমাজের অরাঙ্গিত কেন দল							
	নাগরিক ও রাজনৈতিক অধিকার							
	অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার							
	মূলনীতি এবং কর্মক্ষেত্রে অধিকার							

একই উপায়ে অন্য ছয়টি মূল বিষয়ের মূল্যায়ন করা যেতে পারে।

**ধাপ-২: স্টেকহোল্ডারদের চিহ্নিত করা ও খুঁজে বের করা  
কি কি বিষয়ে তাদের আগ্রহ এবং তারা প্রতিষ্ঠানের কাছে  
কি আশা করে তা**

স্টেকহোল্ডার বলতে কি বোঝায় - আর. এডোয়ার্ড ফ্রিম্যান-এর মতে, স্টেকহোল্ডার বলতে 'সেই সকল ব্যক্তি বা ব্যক্তিগৰ্গকে বোঝায় যারা কোনো প্রতিষ্ঠানের অর্জনকে প্রভাবিত করে বা এর দ্বারা প্রভাবিত হয়'। স্টেকহোল্ডারদের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে শেয়ারহোল্ডার, মালিক, ব্যবস্থাপক, কর্মী, সরকার, ত্রেতা, সরবরাহকারী এবং বিশেষ আগ্রহপূর্ণ অন্যান্য দল। ব্যবসার ক্ষেত্রে সকল স্টেকহোল্ডারই যে একই বিষয়ে চিন্তা করবে কিংবা একই বিষয়কে প্রাধান্য দেবে তা নয়। সময়ের সাথে সাথে স্টেকহোল্ডার ও তাদের আগ্রহের জায়গা পরিবর্তিত হতে পারে। স্থানীয় জনগন যদি পরিবেশের কি ক্ষতি হয়েছে তা নিয়ে চিন্তিত হয়, তাহলে কোম্পানির কোনো প্রতিনিধিকে তাদের মতামত শুনতে হবে ও কিভাবে অবস্থার উন্নতি সাধন করা যায় সেই উপায় খুঁজে বের করতে হবে।